

আমি কিভাবে নিশ্চিত হতে পারি যে ডাক্তার  
যা বলছেন তা আমি বুঝতে পারছি?

- + একজন প্রশিক্ষিত দোভাষী ব্যবহার করুন
- + প্রশ্ন জিজ্ঞাসা করুন
- + আপনি যা বুঝতে পেরেছেন তা ডাক্তারের  
কাছে রিপোর্ট করুন।

মনে রাখবেন, আপনি যদি কিছু না বোঝেন,  
তাহলে ডাক্তারকে বলতে কোনো সমস্যা নেই।

ভাষা পরিষেবা সম্পর্কে আরও তথ্যের  
জন্য, **1-844-692-4692** নম্বরে কল  
করুন।



আমরা NYC-কে সেবা দিই।  
কোনো ব্যতিক্রম ছাড়াই

**NYC**  
**HEALTH+**  
**HOSPITALS**



সাথেই থাকুন। আমাদেরকে অনুসরণ করুন।

[www.nychealthandhospitals.org](http://www.nychealthandhospitals.org)

**NYC**  
**HEALTH+**  
**HOSPITALS**

# আমরা আপনার ভাষায় কথা বলি

আপনার পছন্দের ভাষা ইংরেজি  
না হলে সাহায্য নিন



NYC Health + Hospitals-এ,  
আমরা আমেরিকান সাইন  
ল্যাঙ্গুয়েজ (American Sign  
Language, ASL) সহ 300 টিরও  
বেশি ভাষায় কথা বলি।

আপনার পছন্দের ভাষায় কথা  
বলেন এমন একজন দোভাষীর  
জন্য অনুরোধ করুন। একজন  
দোভাষী আপনাকে এবং  
আপনার পরিবারকে সর্বোত্তম  
চিকিৎসা সেবা পেতে সাহায্য  
করতে পারেন।



আপনি যখন NYC Health + Hospitals-এ  
চিকিৎসা নিতে আসবেন, তখন দোভাষীর  
সাহায্য পাওয়া আপনার অধিকার। এবং এটা  
বিনামূল্যে প্রদান করা হয়!

### দোভাষী ব্যবহার করা কেন গুরুত্বপূর্ণ?

একজন দোভাষীর সাথে কাজ করলে  
নিম্নলিখিতগুলো নিশ্চিত করতে সহায়ক হয়ে থাকে:

- + আপনি আপনার স্বাস্থ্যসেবা দলের সাথে তথ্য  
শেয়ার করতে পারা
- + আপনি আপনার স্বাস্থ্যের যত্ন নেওয়ার জন্য  
প্রয়োজনীয় তথ্য পাওয়া
- + আপনার সব প্রশ্নের উত্তর পাওয়া
- + আপনার সর্বোত্তম সেবা পাওয়া

একজন প্রশিক্ষিত দোভাষী ব্যবহার করা সবচেয়ে  
ভালো। একজন প্রশিক্ষিত দোভাষী হলেন এমন  
একজন যিনি:

- + ইংরেজি এবং আপনার পছন্দের ভাষা উভয়  
ক্ষেত্রেই পারদর্শী
- + আপনার সংস্কৃতি সম্পর্কে জানেন
- + আপনাকে এবং ডাক্তারকে একে অপরকে  
বুঝতে সাহায্য করার জন্য বিশেষভাবে  
প্রশিক্ষণপ্রাপ্ত

কিছু মানুষ ডাক্তারদের সাথে কথা বলার জন্য  
বন্ধুবান্ধব বা পরিবারের সদস্যদের এবং সন্তানদেরও  
সাহায্য চান। তবে, তারা সাধারণত চিকিৎসা বিষয়ক  
দোভাষী হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত নন। আমরা শুধু  
প্রশিক্ষিত মেডিকেল দোভাষী ব্যবহারের পরামর্শ দিই।

### কিভাবে আমি দোভাষী পাব?

- + আপনার ফোনে থাকা অ্যাপটি ব্যবহার করুন  
অথবা আপনার সাথে একটি কার্ড রাখুন যাতে  
আপনি কোন ভাষায় কথা বলেন তা লেখা থাকে  
এবং আপনার স্বাস্থ্যসেবা দলকে এটি দেখান।
- + স্বাস্থ্যসেবা দলকে বলুন যে আপনি একজন  
দোভাষী চান।



প্রশিক্ষিত দোভাষী  
ব্যবহার না করলে,  
রোগীর স্বাস্থ্যের  
ওপর প্রভাব  
ফেলতে পারে  
এমন গুরুতর  
ভুলের সম্ভাবনা  
2 গুণ বেড়ে যায়।

**আমি কিছুটা ইংরেজি বলতে  
পারি। আমি কি তা সত্ত্বেও  
একজন দোভাষী পেতে পারি?**

হ্যাঁ! এমনকি আপনি কিছুটা  
ইংরেজি বলতে পারলেও,  
আপনার নিজের পছন্দের  
ভাষায় স্বাস্থ্য সম্পর্কিত তথ্য  
শোনা গুরুত্বপূর্ণ। কখনো  
কখনো চিকিৎসা-সংক্রান্ত শব্দ  
নিজের ভাষায় বুঝে নেওয়া  
বেশি সহজ হয়।

**আমরা 3 ধরনের দোভাষী  
সেবা প্রদান করি:**

**টেলিফোনে**

**ভিডিওতে**

**সশরীরে**

এই সেবাগুলোর সবগুলো  
অপশন সব সময় লভ্য নাও  
থাকতে পারে, তবে আপনি  
কোনটি সবচেয়ে বেশি পছন্দ  
করবেন তা আপনার স্বাস্থ্যসেবা  
দলকে জানাতে পারেন।

